মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৭ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।
গ্রেফতারকৃত আসামীদের মধ্যে জিআর মামলার ৩ জন, সিআর মামলার ১ জন ও মামলা খারিজের রিকলের আসামী ৩ জন রয়েছে।
মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত এই ৪ জন আসামীকে গ্রেফতার করে। একই সময়ে সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা হয়েছে। এছাড়া গাংনী ও মুজিবনগর থানা পুলিশ রিকলের আসামীদের আটক করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। বুধবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে এ আসামীদের গ্রেফতার করে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের পৃথক টীম অভিযানে অংশ নেন।
আজ বৃহস্পতিবার (২৬ মে) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

শ্যামপুর ইউনিয়নের আওয়ামীলীগ প্রার্থীর প্রার্থীতা প্রত্যাহারের আবেদন

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী আব্দুর রব বিশ্বাস প্রার্থীতা প্রত্যাহারের জন্য আবেদন করেছেন।
আজ বৃহস্পতিবার (২৬ মে) সকাল ১০ টার দিকে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজের কাছে মনোনয়নপত্র উত্তোলনের জন্য আবেদন করেন তিনি।

সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, নবগঠিত শ্যামপুর ইউনিয়নের মনোয়নপত্র প্রত্যাহারের দিন আজকে। আব্দুর রব বিশ্বাস সকাল ১০ টার দিকে তার প্রার্থীতা প্রত্যাহারের আবেদন করেছেন। বিকাল ৫ টার পর এটি ঘোষণা করা হবে। প্রসঙ্গত, আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভাসহ চারটি ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে। নবগঠিত এই শ্যামপুর ইউনিয়নে আব্দুর রব বিশ্বাসসহ মোট ৮ জন প্রার্থী চেয়ারম্যান পদে মনোনয়নপত্র জমা দেন।

মেহেরপুরসহ ৬ পৌরসভার ভোট মনিটরিংয়ে বসছে সিসি ক্যামেরা

৬টি পৌরসভা নির্বাচনে সিসিটিভি ক্যামেরা স্থাপন করছে নির্বাচন কমিশন। এর মধ্যে মেহেরপুর পৌরসভাও রয়েছে। এসব পৌরসভার ভোটকেন্দ্রে ও কক্ষে ৯৫১টি সিসি ক্যামেরা বসিয়ে ভোট মনিটর করবে এই সাংবিধানিক সংস্থাটি। নির্বাচন কমিশন সূত্রে এ তথ্য জানা গেছে।

এর আগে নির্বাচন কমিশন কুমিল্লা সিটি করপোরেশন নির্বাচনের ভোটকেন্দ্র ও ভোটকক্ষে সিসিটিভি স্থাপনের উদ্যোগ নেয়।

ইসি সূত্রে জানা গেছে, তফসিল ঘোষিত গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জের মোকসুদপুর পৌরসভা, সিলেটের বিয়ানীবাজার পৌরসভা, রাঙ্গামাটির বাঘাইছড়ি পৌরসভা, মেহেরপুর পৌরসভা ও ঝিনাইদহ পৌরসভা নির্বাচনে প্রতিটি ভোটকেন্দ্রে একটি এবং প্রতিটি কেন্দ্রের সব ভোটকক্ষে একটি করে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে ইসি। কুমিল্লা সিটির মতো এসব পৌরসভার জন্যও ভাড়ার ভিত্তিতে সিসিটিভি স্থাপন করা হবে।

কুমিল্লা সিটি করপোরেশনসহ এসব পৌসভার নির্বাচন আগামী ১৫ জুন অনুষ্ঠিত হবে। ইসি গত ২৫ এপ্রিল এ নির্বাচনের তফসিল ঘোষণা করে।

এ বিষয়ে নির্বাচন কমিশনর অতিরিক্ত সচিব অশোক কুমার দেবনাথ বলেন,

কুমিল্লা সিটির মতো কমিশন ছয়টি পৌরসভা নির্বাচনে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। সে অনুযায়ী উদ্যোগ নেওয়া হয়েছে।

কুষ্টিয়ায় মাধ্যমিক পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক হলেন নাদিরা খানম

কুষ্টিয়ায় মাধ্যমিক পর্যায়ে জেলায় শ্রেষ্ঠ শিক্ষক (নারী) নির্বাচিত হয়েছেন নাদিরা খানম। তিনি কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২ উদযাপন উপলক্ষে তার নাম ঘোষণা করেছেন জেলা শিক্ষা অফিস।

নাদিরা খানম সম্প্রতি কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চবিদ্যালয়ের সিনিয়র শিক্ষিকা হিসেবে পদোন্নতি লাভ করেছেন। একসময়ের বিতার্কিক এ নারী শিক্ষক আন্তঃব্যাচ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছিলেন।

বর্তমানে তিনি বিতর্ক প্রতিযোগিতায় বিচারক হিসেবে দায়িত্ব পালনসহ শিক্ষার্থীদের মাঝে বিতর্ক শিল্প তৈরির কাজ করে যাচ্ছে প্রতিনিয়ত। একই সাথে তিনি নিজেকে যুক্তির আলোয় মুক্তি ঘটিয়ে প্রতিভা বিকশিত করে আলোকিত করেছেন নিজেকে।

এরআগে তিনি আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস উপলক্ষে জয়িতা অন্বেষন কার্যক্রমের আওতায় ‘শিক্ষা ও চাকরি ক্ষেত্রে সাফল্য অর্জনকারী নারী’ ক্যাটাগরিতে জয়িতা নির্বাচিত হন নাদিরা খানম।

লাখো কন্ঠে জাতীয় সঙ্গীতে জেলা টিমের নেতৃত্ব দিয়ে চমক সৃষ্টি করেন। এছাড়াও রেড ক্রিসেন্টের স্কুল সংগঠক হিসেবে দায়িত্ব পালন করছেন।

কুষ্টিয়া জেলার সরকারি শিক্ষক সমিতির সেক্রেটারির পাশাপাশি রেড ক্রিসেন্ট সোসাইটি ও লালন একাডেমীর আজীবন সদস্য, কুষ্টিয়া লেডিস

ক্লাবের সাংস্কৃতিক সম্পাদক ও বাংলাদেশ মহিলা সংস্থার সদস্যসহ বিভিন্ন ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য।

তিনি আত্মমানবতার সেবায় নিজেকে নিয়োজিত রেখেছেন। মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা প্রদান, শীতার্তদের মাঝে শীতবস্ত্র বিতরণসহ নানান সামাজিক কর্মকান্ডের সাথে নিজেকে জড়িয়ে রাখেন। নাদিরা খানম স্বপ্ন দেখেন নারী ও শিশুদের কল্যাণে কাজ করার। তিনি বলেন, এই পুরস্কার আমার জন্য আরও কর্মস্পৃহা বাড়িয়ে দিলো। তাই আমি দুস্থ-অসহায় নারী ও শিশুদের কল্যাণে অবিরাম গতিতে কাজ করার পাশাপাশি শিক্ষাক্ষেত্রে মেয়েদের জন্য নিরলসভাবে কাজ করে যাবো।

কুষ্টিয়ায় নান্না বিরিয়ানির মালিককে জরিমানা

কুষ্টিয়ায় নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পরিবেশনের দায়ে নান্না বিরিয়ানি হাউজকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পঁচা বাসী মাংস ফ্রিজে সংরক্ষণের অপরাধে এ জরিমানা করেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর।

এছাড়া মেয়াদউত্তীর্ণ সিলিন্ডার ব্যবহার করে গ্যাস সিলিন্ডার বিক্রয় করা এবং কোন প্রকার নিরাপত্তা ব্যবস্থা না রাখার অপরাধে মেসার্স এ আর এন্টারপ্রাইজ কে ৮ হাজার জরিমানা করা হয়েছে।

বুধবার দুপুরে শহরের এনএস রোড এলাকায় ভেজাল খাদ্যবিরোধী এ অভিযানে নেতৃত্ব দেন ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল।

তিনি বলেন, কুষ্টিয়া শহরে যত্রতত্র গড়ে উঠেছে হোটেল-রেস্তোরাঁ। ঢাকার নামিদামি রেস্তোরাঁর নাম দিয়ে কুষ্টিয়া শহরের বেশকিছু এলাকায় গড়ে তোলা হয় বিরিয়ানির দোকান।

যার মধ্যে হাজীর বিরিয়ানি এবং নান্না বিরিয়ানীর হেঁসেল ঘরে অস্বাস্থ্য ও নোংরা পরিবেশে খাদ্য প্রস্তুত চলছিল। এসব নিয়ে এর

আগে মিডিয়ায় সংবাদ প্রচার হলে প্রশাসনের টনক নড়ে। এর ফলে আজকের এই অভিযান।

অস্বাস্থ্যকর পরিবেশে ও পঁচা ও বাসি মাংস দিয়ে বিরিয়ানি তৈরির অপরাধে নান্না বিরিয়ানি হাউজ কে ১০ হাজার টাকা এবং মেয়াদউত্তীর্ণ সিলিন্ডার ব্যবহার করে গ্যাস সিলিন্ডার বিক্রয় করা এবং কোন প্রকার নিরাপত্তা ব্যবস্থা না রাখার অপরাধে মেসার্স এ আর এন্টারপ্রাইজ কে ৮ হাজার জরিমানা করা হয়েছে। আগামীতে এ অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

অভিযানে জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) সুলতানা রেবেকা নাসরীন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা সহায়তা করেন।

কোটচাঁদপুরে দশম শ্রেণির শিক্ষার্থীর আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে সাদিয়া সুলতানা নুপুর (১৫) নামে দশম শ্রেণীর এক শিক্ষার্থীর আত্মহত্যার ঘটনা ঘটেছে। বুধবার সকালে উন্নত চিকিৎসার জন্য যশোরে নেওয়ার পথে সে মারা যায়।

তবে কি কারনে ওই শিক্ষার্থী আত্মহত্যার পথ বেছে নিয়েছে! তা, এখনো জানা না গেলেও প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে প্রেম ঘটিত কারণে নুপুর আত্মহত্যা করেছে।

কোটচাঁদপুর থানার উপ- পরিদর্শক এসআই জাহিদ হোসেন জানান, উপজেলার বলুহর গ্রামের বকুলতলা পাড়ার বিল্লাল হোসেনের মেয়ে ও স্থানীয় শেখ মোজাফফর হোসেন মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর শিক্ষার্থী সাদিয়া সুলতানা নুপুর গত সোমবার স্কুলে যাওয়ার পথে বিষপান করেন।

পরিবারের লোকজন তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ভর্তি করেন। পরে চিকিৎসা নিয়ে বাড়ি ফেরার পর বুধবার সকালে আবারো অসুস্থ্য হয়ে পড়লে তাকে স্থানীয় হাসপাতালে নেওয়া হয়।

সেখানে অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন। সেখানে নেওয়ার পথেই সে মারা যায়।

স্থানীয় সূত্রে জানা যায়, পার্শ্ববর্তী রামচন্দ্রপুর গ্রামের শরিফুল ইসলামের ছেলে ট্রাকচালক শাকিলের সঙ্গে নুপুরের প্রেমের সম্পর্ক ছিল। বিষয়টি জানাজানি হলে, পরিবারের লোকজন তাকে বাধা দেয়। এতে সে আত্মহত্যার পথ বেছে নিয়েছে।

পুলিশ খবর পেয়ে ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

দর্শনা থানা পুলিশের বিশেষ অভিযানে মাদক ও ওয়ারেন্টভুক্ত সহ ১৩ জন গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে ওয়ারেন্টভুক্ত আসামী ও দুই কেজি গাঁজাসহ মোট ১৩ জনকে গ্রেফতার করেছে।

জানা গেছে গত মঙ্গলবার রাতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবিরের নেতৃত্বে এসআই আহম্মেদ বিশ্বাস, এসআই সুমন্ত বিশ্বাস, এসআই সামীমসহ এএসআই মারুফ, এএসআই সিদ্দিক, গোপন সংবাদের ভিত্তিতে বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এজাহারভুক্ত আসামী ৯ জন ও মাদক সেবন করার অপারাধে ৩ জন ও দুই কেজি গাঁজাসহ মোট ১৩ জনকে গ্রেফতার করে।

দিনভর অভিযান চালিয়ে বিভিন্ন এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত হলো দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সোনা মিয়ার ছেলে মন্টু আলী (৩০), দর্শনা রামনগর কালিদাসপুর গ্রামের শ্রী কান্তদাসের ছেলে সুমন দাস (৩২), দর্শনা থানার বেগমপুর

ইউনিয়নের আকন্দবাড়ীয়া তামালতলা পাড়ার রেজাউল হকের ছেলে তুহিন ইসলাম (২৩), ও একই পাড়ার ডালিম শাহ’র ছেলে শুভ (২২), দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সুলতানপুর গ্রামের সোলায়মান মন্ডলের ছেলে আশরাফ আলী (৩৬),দর্শনা ইসলাম বাজার পাড়ার আলীর ছেলে আরিফুল ইসলাম জনি (২৪), দর্শনা করিমপুর পাড়ার জামাত আলীর ছেলে সালা উদ্দিন (৪০),পাড়ার হযরত আলীর ছেলে ঝন্টু (৩৫) কুড়ালগাছি ইউনিয়নের কুড়ালগাছি গ্রামের আঃ গনি ছেলে আঃ হামিদ (২৮), চন্ডিপুর গ্রামের আঃ হামিদের মেয়ে খুরশিদা (৪০), বেগমপুর পাড়ার হযরত আলীর ছেলে সুলতান (২৭), দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের শৈলমারী গ্রামের এরেং আলীর ছেলে ফরজ আলী (৪৫) কে গ্রেফতার করে।

গতকাল মঙ্গলবার ২ টার দিকে দর্শনা থানা পুলিশ ২ কেজি গাজাসহ নাস্তিপুর গ্রামের আঃ মোমিনের ছেলে গাজা ব্যাবসায়ী রাজু আহম্মেদ
(৩২) কে গ্রেফতার করে।

গাংনীর কাজিপুর ইউনিয়নে জন অংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত

এস ডি জি ইউনিয়ন গড়ার লক্ষ্য গাংনীর কাজিপুর ইউনিয়ন পরিষদে প্রত্যাশা ভিত্তিক জনঅংশগ্রহণমূলক পরিকল্পনা কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (২৫ মে) বেলা ১১ টার সময় কাজিপুর ইউনিয়ন পরিষদ হল রুমে দি হাঙ্গার প্রজেক্টের সহায়তায় কর্মশালার আয়োজন করা ।
কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত পরিকল্পনা কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ এর সিনিয়র প্রোগ্রাম অফিসার সুখময় পাল।
এসময় কাজিপুর ইউনিয়ন ভিডিডি এর সভাপতি সাহাবুদ্দীন, স্থানীয় পিরতলা সরকারী প্রাথমিক বিদালয়ের প্রধান শিক্ষক আব্দুল হাদী, দি হাঙ্গার প্রজেক্টের কাজিপুর ইউনিয়ন সমন্বয়কারী রোকনুজ্জামান

উপস্থিত ছিলেন।
কর্মশালায় কাজিপুর ইউনিয়নের সকল ইউপি সদস্য, ইউনিয়ন পর্যায়ের সরকারি কর্মকর্তা, বিভিন্ন মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক বৃন্দ,ও গ্রাম উন্নয়ন দলের সদস্যরা উপস্থিত ছিলেন। কর্মশালা সঞ্চালনা করেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী হেলাল উদ্দীন।

মেহেরপুরে মৎস্য চাষীদের মাঝে মৎস্য চাষের ব্যবহৃত উপকারণ বিতরণ

মেহেরপুরের সদর উপজেলার বিভিন্ন গ্রামের মৎস্য চাষীদের মাঝে মৎস্য চাষের ব্যবহৃত উপকারণ বিতরণ করা হয়েছে।
ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে বাস্তবায়িত আর ডি মৎস্য চাষীদের মাঝে এ সহায়তা দেওয়া হয়।
মেহেরপুর সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয় আজ বুধবার দুপুরের দিকে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে মৎস্য চাষীদের মাঝে উপকরণ বিতরণ করা হয়।
সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলার মৎস্য চাষীদের মাঝে এই উপকরন বিতরন করেন।
সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত উপকারণ বিতরণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চূন্নু, সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।

গাংনীতে গাঁজা সেবনকারীর জেল

গাঁজা সেবনের অপরাধে গাংনী উপজেলার ঢেপা গ্রামের ইসরাফিল (২৬) নামের একজনকে ১৫ দিনের বিনাশ্রম কারাদণ্ড এবং ৫০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।
আজ বুধবার (২৫ মে) দুপুরে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এ দণ্ডাদেশ প্রদান করা হয়। ইসরাফিল ঢেপা গ্রামের মৃত মনিরুল ইসলামের ছেলে।
এর আগে সকালের দিকে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম ঢেপা গ্রামের ইসরাফিলের বাড়িতে অভিযান চালিয়ে তাকে ৫০ গ্রাম গাঁজাসহ আটক করেন।
পরে তাকে গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানমের আদালতে হাজীর করেন।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮ এর (৯) ধারা মোতাবেক তাকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড ও ৫০০ টাকা জরিমানা প্রদান করা হয়। মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল মান্নান উপস্থিত ছিলেন।